


# উন্নিকথা

মুকুন্দন
অতনু রায়ের শিল্পকর্ম

কথা থেকে প্রকাশিত একটি 300m থিংকবুক



উন্নি,' তার ঠাকুমা
বললেন 'আমাকে
একটা গল্প বল।'

উন্নি তাড়াতাড়ি নিজের বইগুলো সরিয়ে রাখল। সে ঠাকুমার কাছে এসে তাকে জড়িয়ে ধরল। 'মুথাশি,' সে মৃদুস্বরে বলল, 'শোন। এটা একটা কাঁচের গাছ সম্পর্কে ছোট একটা গল্প। দেখো!'

উন্নি তার সামনের ফাঁকা দেওয়ালের দিকে ইশারা করলো, আর তখনই মুথাশি একটা আজব জিনিস দেখতে পেলেন! তিনি দেখলেন রাজার মত দেখতে একজন মানুষকে একটা পালকিতে বয়ে নিয়ে যাওয়া হচ্ছে।






'উন্নি।'তার ঠাকুমা বললেন।
'আমাকে একটা গল্প বল।' t


কোনও এক সময় একজন সর্দার ছিলেন। তাঁর নাম ছিল কুরুমান পানিক্কন। একদিন তিনি পুরানো বিশাল চাঁপা গাছের নীচের পাথরের মূর্তির কাছে প্রার্থনা করতে গেলেন। তিনি যখন প্রার্থনা করছিলেন, তখন একজন অপরিচিত লোক এসে তাঁর সামনে দাঁড়ালো।



আমি মেলকোরান,' আগন্তুকটি বলল।
'আমি পশ্চিম দিক থেকে আসছি।'



কুরুমান জিজ্ঞাসা করলেন, 'আপনি কী চান?' সাদা রঙের সুগন্ধি চাঁপা ফুলের গাছটির দিকে দেখিয়ে মেলকোরান উত্তর দিল, 'আপনার গাছটি তো বুড়ো হয়ে গিয়েছে। একদিন এটা মরে যাবে। আমি আপনাকে সুন্দর একটা নতুন গাছ বানিয়ে দিতে পারি, যেটা কখনও বুড়োও হবে না, তার পাতাও ঝরে যাবে না।'



সত্যি?' কুরুমান পানিক্কন জিজ্ঞেস করলেন। একটি গাছ যা কখনও মরবে না এমন একটা ধারণা তাঁকে আকৃষ্ট করলো। 'ঠিক আছে', হাত নেড়ে তিনি বললেন, 'আমাকে ঐ রকমের একটা গাছ বানিয়ে দিন।'


মেলকোরান তার কুঠার নিয়ে এলো। কিছুক্ষণ পরে বছরের পর বছর ধরে দাঁড়িয়ে থাকা প্রাচীন গাছটি ভেঙে পড়ল।


ডিম আর ছোট্ট ছানা সহ পাখির বাসাগুলি নীচে পড়ে গেল। বাবা আর মা পাখিরা বাতাসে উড়তে উড়তে চিৎকার করতে লাগল।




মেলকোরান তার গাছ নিয়ে কাজ শুরু করে দিল। সে সাথে করে প্রচুর রঙিন কাঁচের টুকরো নিয়ে এসেছে।

ধীরে ধীরে, খুব যত্ন নিয়ে, সে শিকড় আর কাণ্ড বানালো। তারপরে এলো ডালপালাগুলি। সবুজ কাঁচ দিয়ে পাতা আর সাদা কাঁচ দিয়ে সে ফুল বানালো। প্রত্যেকটা শিরা আর কান্ড সে ভালবাসা দিয়ে খোদাই করলো।






তারপরে দেড় বছর পার হয়ে গিয়েছে। সূর্যের আলোয় গাছটি ঝলমল করে। কাঁচের পাতার ভিতর দিয়ে সূর্যোদয় আর সূর্যাস্তের আলো দেখা যায়। দূর দূরান্ত থেকে মানুষজন এই আশ্চর্য গাছটি দেখতে আসে। পানিক্কনও খুবই খুশি হয়।









কাঁচের গাছটি যদিও খুব সুন্দর, কিন্তু এর ফুলগুলিতে কোনও গন্ধ নেই।

যদিও গাছটির ডালে চকমকে বাসা আছে, তবুও কোনও পাখিই তাতে বসে না। কোন শিশু গাছ বেয়ে ওঠে না...

কাঁচের গাছ কখনও আসল গাছ হতে পারে কি?' গল্প শেষ হয়ে গিয়েছে আর উন্নি ভাবছে।

দেওয়াল থেকে ছবিগুলো আবছা হয়ে মুছে গেল। ঠাকুমার দিকে ফিরে উন্নি দেখল যে তিনি ঘুমিয়ে পড়েছেন।

এম মুকুন্দনের জন্ম কেরালার মাহেতে। 1961 সালে তিনি প্রথম গল্পটি লিখেছিলেন। তাঁর রচিত 26টি বই প্রকাশিত হয়েছে। সাহিত্যে তাঁর অবদানের জন্য 1998 সালে ফরাসি সরকার তাঁকে শেভালিয়ার পুরস্কারে ভূষিত করে। উন্নিকথা গল্পটির জন্য তিনি কথা পুরস্কার পান।

শিশুদের জন্য শতাধিক বইয়ের রচয়িতা অতনু রায় তার সৃজনশীল ক্ষমতার অধিকাংশই নিয়োজিত করেছেন শিশুসাহিত্যের ক্ষেত্রে। কাজেই অবাক হওয়ার কিছু নেই যে রায়, যিনি এক সময়ে ইন্ডিয়া টুডে-তে রাজনৈতিক ব্যঙ্গচিত্রকরের কাজ করেছিলেন, বইয়ের চিত্রকলার জন্য তিনি চিলড্রেনস চয়েস অ্যাওয়ার্ড এবং ইলাস্ট্রেশনের জন্য আইবিবিওয়াই সার্টিফিকেট অফ অনারের মতো পুরস্কার পেয়েছেন।

## KATHA

কথা একটি বিশ্বব্যাপী স্বীকৃত অলাভজনক সংস্থা (www.katha.org),যা ১৯৮৮ সাল থেকে স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই ধারাবাহিক ভাবে কাজ করে চলেছে। দরিদ্র শিশুদের জন্য প্রকাশনা এবং শিক্ষার ক্ষেত্রে আমাদের প্রায় ৩০ বছরের অভিজ্ঞতা রয়েছে।

ভারতের মুকুটে একটি শিক্ষামূলক রত্ন। **- নায়োউকি শিনোহারা, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, আইএমএফ**

বিশ্বের সমস্ত শহরগুলিতে সাধারণ এবং চরম দুর্দশা নিয়ে কর্মরত সমস্ত সৃজনশীল প্রকল্পগুলির একটি দৃষ্টান্ত হল কথা।
**- চার্লস ল্যান্ড্রি, দ্যা আর্ট অফ সিটি মেকিং**

"শিশুদের জন্য কথার মনে সত্যিকারের একটি কোমল স্থান রয়েছে। তাই … শিশুদের জন্য এই জাতীয় চমৎকার বইগুলির সৃষ্টি করে।"
— টাইম আউট

"কথা যে ধারণার ভিত্তিতে কাজ করে তা হল শিশুরা তাদের সমাজে বাস্তব এবং দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পারে, যেমন তারা [তাদের বইতে] আনে।"
— পেপারটাইগারস

এই সংস্করণটির প্রথম প্রকাশনা 2021
স্বত্ব © কথা, 1995, 2021
পাঠ্যস্বত্ব © এম মুকুন্দন, 1995, 2021
আলোকচিত্র স্বত্ব © কথা
এ3, সর্বোদয় এনক্লেভ, শ্রী অরবিন্দ মার্গ, নয়া দিল্লি 110 017
ফোন: 91-11 4141 6600 . 4141 6610
ই-মেইল: editors@katha.org, ওয়েবসাইট: www.katha.org
ISBN 978-93-82454-65-6

**আমাদের উদ্দেশ্য**: প্রতিটি শিশু যেন ভালোভাবে এবং আনন্দের জন্য পড়ে! ১৯৮৮ সালে শুরু হওয়া কথা একটি নিবন্ধীকৃত অলাভজনক সংস্থা। আমরা স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই কাজ করি। শিশু ও প্রাপ্তবয়স্কদের আনন্দবর্ধনে নিয়োজিত থেকে, আমরা ১,০০,০০০-এরও বেশি দরিদ্র শিশুদের ভালো মানের বই ও সহায়তা দিয়ে গ্রেড-স্তরের পড়াশোনায় নিয়ে আসার জন্য কাজ করি।

সর্বস্বত্ব সংরক্ষিত! প্রকাশকের থেকে আগাম লিখিত অনুমতি ব্যতীত এই বইয়ের কোনও অংশই কোনও ভাবে পুনরুৎপাদন অথবা ব্যবহার করা যাবে না।
এই বইগুলির বিক্রয় থেকে প্রাপ্ত আয়ের ১০% অবহেলিত শিশুদের পড়াশোনা ও আজীবন শিক্ষার কর্মসূচিতে ব্যয় করা হয়।




আপনার সন্তানদের সাথে নিয়ে বই পড়ুন।তাদের জগতকে কল্পনার রঙে রাঙিয়ে তুলুন।

"300 মিলিয়ন সিটিজেনস' চ্যালেঞ্জে যোগ দিন! এমন একটি জগৎ তৈরি করুন যেখানে শিশুরা আনন্দ পাওয়ার এবং জানার জন্য পড়ছে।
যোগদানের জন্য: 300m@katha.org
স্বেচ্ছাসেবার জন্য: volunteer@katha.org"


"আই লাভ রিডিং লাইব্রেরি হল বইয়ের একটি অনন্য সিরিজ, যা নতুন এবং দ্বিধাগ্রস্ত পাঠকদের সাবলীলভাবে পড়তে সহায়তা করে। পাঠের বিভিন্ন স্তরে থাকা শিশুদের শেখার প্রয়োজনীয়তা অনুসারে উচ্চমানের বিষয়বস্তু এবং নকশার সাহায্যে, এটি ভারত এবং বিশ্বের সেরা সাহিত্যিক সৃষ্টি এবং শিল্পকর্মকে একত্রিত করেছে। আমাদের বইগুলি গীতা ধর্মরাজনের স্টোরিপেডাগজি™ প্রকাশ করে - এটি একটি অনন্য শিক্ষামূলক মডেল, যা বিশেষভাবে প্রথম প্রজন্মের পাঠকদের পড়ার আনন্দকে বাড়িয়ে দেয়, এবং শিশুকে বিগ আইডিয়া এবং টা-ডার আকর্ষণীয় জগতে নিয়ে যায়!
(TA-DAA--ভাবুন, প্রশ্ন করুন, আলোচনা করুন, কাজ করুন এবং অর্জন করুন)।"

কথা-র হলিস্টিক আর্লি লার্নিং (খেল অথবা KHEL) ল্যাব সরকারি, অলাভজনক এবং বেসরকারি স্কুল শিক্ষকদের জন্য বিভিন্ন কর্মশালার আয়োজন করে। অনলাইনে চলা এই এফ2এফ (F2F--মুখোমুখি) কর্মশালাগুলি শিক্ষক, বিদ্যালয়ের প্রশাসক এবং স্বেচ্ছাসেবকদের "রিডিং টিচার্স সার্টিফিকেট" প্রদান করে। আরও জানার জন্য আমাদের 300m@katha.org-এ লিখুন

## এই সমস্ত আইএলআর বইগুলি

আনন্দ নিতে এবং জানার জন্য পড়ুন

































FOR OUR BOOKS

www.books.katha.org

"[কথা]... ভারতীয় প্রকাশনার ইতিহাসে একটি বিশেষ এবং অনন্য মুহূর্ত।"
— দ্য আইকনিক দ্য ইকোনমিক টাইমস

ছোটদের জন্য

কথা একটি বই


ISBN 978-93-88284-81-3
9 789388 284813
XXX
www.katha.org


গ্রিন সিরিজ